প্রথম আলো

তারিখ ... NOV. 1 1 2006. ...
পৃষ্ঠা ৭ কলাম ... ৪......

১০

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

# উপাচার্যের কাছে অনিয়ম দুর্নীতির কৈফিয়ত চাইলেন শিক্ষকেরা

শেকৃবি প্রতিনিধি

চারদলীয় জোট সরকারের আমলে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের নানা অনিয়ম-দুর্নীতির অভিযোগের কৈফিয়ত জানতে চেয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা উপাচার্য ড. এ এম ফারুকের কাছে স্মারকলিপি দিয়েছেন।

গত বৃহস্পতিবার সকালে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সংগঠন সচেতন শিক্ষক সমাজের শিক্ষকেরা উপাচার্যের কাছে স্মারকলিপি দেন। নানা অনিয়ম-দুর্নীতি উল্লেখ করে স্মারকলিপিতে বলা হয়, বিগত সরকারের আমলে বিশ্ববিদ্যালয়ে প্রয়োজনের অতিরিক্ত তিনগুণ জনবল নিয়োগ করা হয়েছে। এ ছাড়া শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স প্রভৃতি বিবেচনা না করেই বিশ্ববিদ্যালয়ে ৬০ জন শিক্ষক, ৭০ জন কর্মকর্তা এবং ৩০০ কর্মচারী নিয়োগ দেওয়া হয়েছে। নিয়োগপ্রার্থীদের ১০ দিনের মধ্যে আবেদন করার নিয়ম রয়েছে। অথচ প্রার্থীদের ১০ দিন সময় না দিয়েই বিগত সরকারের আমলে অনিয়মের ধারা অব্যাহত রেখে বর্তমানে ১৫০ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের প্রক্রিয়া চলছে। বিশ্ববিদ্যালয়ের আইনের ৪(৫) ধারা অনুযায়ী সব নিয়োগ চূড়ান্ত করতে হলে সংশ্লিষ্ট বিভাগের পরিকল্পনা কমিটির চাহিদা ও সুপারিশের ভিত্তিতে হওয়ার কথা। অথচ এ আইনকে পাশ কাটিয়ে আগেও নিয়োগ দেওয়া হয়েছে, এখনো নিয়োগ প্রক্রিয়া চলছে।